

নং ৪০.০০.০০০০.০১১.০১১.০৪.২০১৪-৪৮৫

২৬.০৮.১৪২৪
তারিখঃ-----
১০.১২.২০১৭


নিয়োগপত্র

বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়ের ০২-১১-২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৪২.১৭-৩৭৭ নং পত্রের মাধ্যমে মেধা কোটায় সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীকে বর্ণিত শর্তাধীনে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত ২২,০০০-৫৩,০৬০/- টাকা বেতন স্কেলে বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ অস্থায়ীভাবে The computer personnel Recruitment Rules, 1985 অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের 'সহকারী প্রোগ্রামার' পদে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র/নং	প্রার্থীর নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	বেতন স্কেল
১।	জনাব আবু কাউছার পিতা- জনাব ফজলুল হক	গ্রাম- টোকচাঁনপুর, ডাকঘর- জানমাহমুদাবাদ, উপজেলা- দেলদুয়ার, জেলা- টাংগাইল।	সহকারী প্রোগ্রামার	২২,০০০-৫৩,০৬০/-

শর্তাবলীঃ

- এই পদে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসর তাঁর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে।
- শিক্ষানবিশকালে তাঁর আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা যাবে।
- এ পদের যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি (যদি থাকে) সম্পন্ন হওয়ার পর এবং শিক্ষানবিশকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে তাঁর চাকুরি স্থায়ী করা হবে।
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাঁর চাকুরী নিয়ন্ত্রিত হবে।
- আগামী ২৮-১২-২০১৭ তারিখের মধ্যে যোগদান করতে হবে। অন্যথায় এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- চাকুরী হতে ইস্তফা প্রদানের প্রয়োজন হলে ০১ মাস পূর্বে কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে।
- এ চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ নিয়োগপত্র জারী করা হলো।


(শাহীন আখতার)
উপসচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫১৪০৭৩
ইমেইলঃ dsadmin@mole.gov.bd

প্রাপকঃ

জনাব আবু কাউছার
গ্রাম- টোকচাঁনপুর, ডাকঘর- জানমাহমুদাবাদ, উপজেলা- দেলদুয়ার, জেলা- টাংগাইল।

নং ৪০.০০.০০০০.০১১.০১১.০৪.২০১৪-৪৮৫/১(১৩)

২৬.০৮.১৪২৪
তারিখঃ-----
১০.১২.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপসচিব, নিরাপত্তা অধিশাখা-২, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিবালয়ে প্রবেশের অনুমতিসহ)।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনী অফিস, সরকারি মুদ্রণালয়, জেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ২০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। অফিস কপি।

(শাহীন আখতার)
উপসচিব (প্রশাসন)